গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
(সংস্থাপন শাখা)
www.bhola.gov.bd

বিষয় : **জেলা নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:**

সভাপতি: মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
জেলা প্রশাসক, ভোলা।

তারিখ : ২৯-১২-২০১৯ খ্রিঃ।
সময় : সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : জেলা প্রশাসক, ভোলা এর অফিস কক্ষ।

উপস্থিত কমিটির সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে জেলা নৈতিকতা কমিটির সভার কার্যক্রম শুরু করেন। জেলা নৈতিকতা কমিটির সদস্য সচিব নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা সভাপতির অনুমতিক্রমে সভার কার্যক্রম শুরু করেন। ২০১৮-১৯ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালায় ৩.৮ নং অনুচ্ছেদ অনুযায়ী জেলা কার্যালয়সমূহের গ্রেড-৪ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী ও গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী এবং ৩.১০ নং অনুচ্ছেদ অনুযায়ী জেলাধীন উপজেলা কার্যালয়ের গ্রেড-৫ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী ও গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারীগণকে পুরস্কার স্বরূপ তাদের এক মূল বেতনের সমপরিমাণ অর্থ ও ০১টি সনদপত্র প্রদান করা হয়। অতঃপর সভাপতি ২০১৯-২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত উপস্থিত সকলকে আলোচনার জন্য আহবান জানান এবং আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | গৃহীত কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১.<br>সেবা প্রদান সহজীকরণ | জনগণকে সহজে তথ্য ও সেবা প্রদানের লক্ষ্যে ভোলা জেলা প্রশাসকের কার্যালয়ের নিচতলার একটি কক্ষ আধুনিকায়ন করে ফ্রন্টডেস্ক স্থাপন করা হয়েছে। ফ্রন্টডেস্কের মাধ্যমে দ্রুত জনসেবা প্রদানের লক্ষ্যে এখানে ইন্টারনেট সুবিধাসহ কম্পিউটার ও টেলিফোন সংযোগ স্থাপন করা হয়েছে। ফ্রন্টডেস্ক হতে অফিস চলাকালে একজন কর্মকর্তার তত্ত্বাবধানে সার্বক্ষণিকভাবে ০৪ (চার) জন অফিস সহকারী জনগণকে বিভিন্ন তথ্য প্রদান করছেন এবং বিভিন্ন দপ্তরের সাথে যোগাযোগের জন্য সহায়তা প্রদান করছেন। ফ্রন্টডেস্কে যেকোনো ব্যক্তি আবেদন জমা দিতে পারেন এবং সেখান থেকে কাঙ্খিত সেবা প্রদান করা হয়। এছাড়াও ফ্রন্টডেস্কের মাধ্যমে রেকর্ডরুমে খতিয়ান প্রাপ্তির আবেদন গ্রহণ ও সরবরাহ করার ফলে জনগণের ভোগান্তি ও হয়রানি লাঘব হয়েছে। | ভবিষ্যতে এ ধারা অব্যাহত রাখাসহ সেবা প্রত্যাশী জনগণ যাতে অহেতুক হয়রানীর শিকার না হয়ে স্বল্পতম সময়ে মানসম্মত সেবা পায় সে বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা আরো সচেতন হবেন। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফ্রন্টডেস্ক শাখা |
| ২.<br>সেবার সর্বোচ্চ অগ্রাধিকার | জনগণের সেবাকে সর্বোর্চ্চ অগ্রাধিকার দেয়া, বিনিময় কোন ব্যক্তিগত স্বার্থসিদ্ধির চিন্তা পরিহার করে সরকারি নিয়মনীতি অনুযায়ী কাজ করা, সরকারি নীতি পরিপন্থী কোন কর্মসম্পাদন না করা এবং জনগণের সেবায় নিজেকে নিয়োজিত করার শপথ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। | সৎ, দক্ষ ও নিষ্ঠাবান হয়ে সেবাপ্রত্যাশীদের সেবা প্রদান ও দেশের উন্নয়নে সকল কর্মকর্তা ও কর্মচারীকে আত্মনিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী |
| ৩.<br>জবাবদিহিতা শক্তিশালীকরণ | জেলা পর্যায়ের ২০১৯-২০ অর্থবছরের শুদ্ধাচার কর্মকৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক নতুন কর্মপরিকল্পনায় জেলা ও উপজেলা প্রশাসনের জবাবদিহিতা শক্তিশালী করার জন্য দ্রুততার সাথে অভিযোগ নিষ্পত্তি ও প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিতকরণ, দুর্নীতি প্রতিরোধে গণশুনানী এবং দুর্নীতির ক্ষেত্রসমূহ চিহ্নিত করে তা সমাধানের ব্যবস্থা নিতে পরামর্শ প্রদান করা হয়। ফ্রন্টডেস্কের সম্মুখে সাধারন জনগণের জন্য অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। | জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন এর প্রধান নিজ নিজ কাজের ক্ষেত্রে দুর্নীতির সম্ভাব্য ক্ষেত্রসমূহ চিহ্নিত করে তা সমাধানের ব্যবস্থা নিবেন। | জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ। |
| ৪.<br>শুদ্ধাচার পুরস্কার প্রদান | ২০১৯-২০ অর্থ বছরে শুদ্ধাচার বিষয়ক চর্চার জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ বিষয়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ জারি করা হয়েছে। এ জেলার উপজেলা পর্যায়ে হতে শুদ্ধাচার পুরস্কারের আবেদন ১৫/০৭/২০২০খ্রিঃ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়। আবেদন প্রাপ্তির সাথে সাথে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা হতে নির্ধারিত ছক মোতাবেক শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনয়ন পাওয়ার সাথে সাথে ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব ও নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক)
জেলা প্রশাসক
ভোলা।
☎: ০৪৯১-৬২৪০০
📠: ০৪৯১-৬২৬২৬
e-mail: dcbhola@mopa.gov.bd

তারিখঃ ৩১/০১/২০২০খ্রিঃ

স্মারক নং: ০৫.১০.০৯০০.০০১.১৫.০০১.১৬-৩২(১০০)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, (সকল)..................................................।
৫. জেলা প্রশাসক, (সকল)......................................................।
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ...................................... ভোলা।
৯. সহকারী কমিশনার (ভূমি) (সকল),...................................... ভোলা।
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল),........................................ ভোলা।
১১. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ভোলা। (তাকে পত্রটি জেলা প্রশাসক, ভোলা এর ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
১২. অফিস কপি।

02/02/2020

জেলা প্রশাসক
ভোলা।